

প্রেস বিজ্ঞপ্তি
দুয়ারে সরকারের ৭ম পর্যায়
(১লা সেপ্টেম্বর, ২০২৩ - ৩০শে সেপ্টেম্বর, ২০২৩)

দুয়ারে সরকার রাজ্য সরকারের বিভিন্ন পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়ার ফ্লাগশিপ কর্মসূচি। ২০২০-র ডিসেম্বর থেকে ছটি পর্যায়ে সাফল্যের সঙ্গে দুয়ারে সরকার কর্মসূচি রূপায়িত হয়েছে।

বিভিন্ন মহল থেকেই উদ্যোগ স্বীকৃতি পেয়েছে:

- Me&itY – Digital India Platinum Award 2023 from Hon'ble President of India,
- CSI SIG e-Governance Excellence Award 2022 (Project category),
- Elets Innovation Awards 2023,
- Digital Technology Sabha Excellence Award 2022 from Indian Express Group (Artificial Intelligence Category),
- Digital Technology Sabha Excellence Award 2021 from Indian Express Group (Big Data & Analytics Category),
- Skoch e-Governance Award 2021,
- Digital Technology Sabha Excellence Award 2023 from Indian Express Group (Robotic Process Automation).

গত ছটি পর্যায়ের সাফল্য:

- ৪, ৬৬, ২৮৪ শিবিরের আয়োজন করা হয়েছে।
- এইসব শিবিরে ৯. ৬৫ কোটির বেশি মানুষ এসেছেন।
- রাজ্যবাসীদের ৭. ২০ কোটির বেশি পরিষেবা প্রদান করা হয়েছে।

৭ম পর্যায়ের দুয়ারে সরকার সারা রাজ্য জুড়ে ১লা সেপ্টেম্বর, ২০২৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

- প্রথম পর্ব: আবেদনপত্র জমা নেওয়ার শিবির:
 - ১লা থেকে ১৬ই সেপ্টেম্বর ২০২৩
 - দ্বিতীয় পর্ব: পরিষেবা প্রদানের শিবির: ১৮ই থেকে ৩০ শে সেপ্টেম্বর, ২০২৩

৭ম পর্যায়ের অন্তর্গত পরিষেবা ও প্রকল্পের বিস্তারিত তথ্য:

- ১৭টি বিভিন্ন নোডাল বিভাগের রূপায়িত ৩৫টি সরকারি প্রকল্প রাজ্যবাসীর দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে।
- চারটি নতুন প্রকল্প:
 - বার্ষিক ভাতা – সমাজ কল্যাণ ও শিশু উন্নয়ন বিভাগ;
 - পরিয়ায়ী শ্রমিকের নথিভুক্তিকরণ – শ্রম বিভাগ
 - উদ্যম পোর্টালে নথিভুক্তিকরণ – ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগ
 - হস্তশিল্পী ও তাঁত শিল্পীদের তালিকাভুক্তিকরণ – ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগ

শিবির

এবারেও নাগরিকদের সুবিধা ও সবাইকে এই পরিষেবার আওতায় আনার লক্ষ্যে বিগত পর্যায়ের মতোই **বুথ স্তরে স্থায়ী ও ভ্রাম্যমাণ দু ধরনের শিবিরের** আয়োজন করা হচ্ছে।

রাজ্যজুড়ে ইতিমধ্যে পূর্বনির্ধারিত ১ লক্ষ শিবিরে আবেদনপত্র গ্রহণের ব্যবস্থা করা হয়েছে।

- **এই শিবিরগুলির মধ্যে ৩৬ শতাংশ ভ্রাম্যমান শিবির।**
- **৬৪ শতাংশ প্রচলিত শিবির।**
- পরিষেবা প্রদানের জন্য শিবির সংখ্যা একই রাখা হবে।
- প্রচার চলাকালীন প্রায় ২ লক্ষ শিবির কার্যকর থাকবে। নিবিড় প্রচার বলে প্রত্যেক কাজের দিনে প্রায় ১৪ - ১৫ হাজার শিবিরের ব্যবস্থা করা হচ্ছে।

উল্লেখযোগ্য বিষয়

- কার্যকর পরিষেবা প্রদানের জন্য রাজ্যস্তরীয় সম্পাদনকারী দল তৈরি করা হয়েছে।
- <http://ds.wb.gov.in> – এই ওয়েবসাইট থেকে নিকটবর্তী শিবিরের খোঁজ পাওয়া যাবে।
- ব্লক, জেলা ও রাজ্যস্তরে কন্ট্রোলরুম স্থাপন করা হয়েছে।
- নিবিড় তদারকি – প্রচারকার্য তদারকি করার জন্য জেলা ও মহাকুমা স্তরে ৪১ জন বরিষ্ঠ আই . এ . এস আধিকারিক কে নিযুক্ত করা হয়েছে।
- প্রকৃত সময়ে তদারকি – জেলাশাসক ও বিভাগীয় কর্তারা শিবিরে উপস্থিত মানুষের সংখ্যা, অনুসন্ধানের বিষয়, গৃহীত আবেদনপত্রের সংখ্যা এবং প্রদেয় পরিষেবা বিষয়ে ‘দুয়ারে সরকার’ পোর্টালের মাধ্যমে তদারকি করতে পারবেন।
- প্রত্যেক শিবিরে অভিযোগ জমা করার জন্য নির্দিষ্ট বাক্স রাখা থাকবে।
- রাজ্য সরকারের বিভিন্ন পরিকল্পনা এবং প্রক্রিয়াজিহিত আবেদনপত্রের বর্তমান অবস্থা প্রদর্শন করা হবে।
- শিবিরের তারিখ ও অবস্থান সম্পর্কে সকল জনবসতিপূর্ণ স্থানে নিবিড়ভাবে মাইকের মাধ্যমে প্রচার করা হবে।
- প্রত্যেক শিবিরে লোকশিল্পীদের রাখা হবে।
- শিশুদের জন্য এবং স্তন্যপান করানোর জন্য নির্দিষ্ট কক্ষের ব্যবস্থা থাকবে।
- সকল স্থানে চিকিৎসা শিবির থাকবে – সেখানে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষার যথা রক্তচাপ , রক্ত শর্করা ও চোখের পরীক্ষা করা হবে।
- ই-পরিষেবা: খাদ্য সাথী, স্বাস্থ্য সাথী, মৎস্যজীবী নিবন্ধন পরিকল্পনা ই - কার্ড প্রদান এবং অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের মাধ্যমে ই- জাতিগত সংশপত্র দেওয়া হবে।
- যে সমস্ত আবেদনপত্র প্রক্রিয়াজিহিত/ অনুমোদন করা যাবে না, তার কারণ দর্শানো হবে।
- উপযুক্ত আবেদনকারীদের সকল পরিষেবা ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে প্রদান করা হবে।
- রাজ্য হেল্পলাইন নাম্বার: ১৮০০- ৩৪৫- ০১১৭ / ০৩৩- ২২ ১৪০১৫২ – ১৫টি লাইন।
- প্রতিটি শিবিরে হেল্প ডেস্ক – আশা/ কন্যাশ্রী/ স্বেচ্ছাসেবকরা উপভোক্তাদের সহায়তা করবেন।
- জেলা ও ব্লকস্তরে কন্ট্রোল রুম/ হেল্পলাইন স্থাপন করা হয়েছে – ৪৭৩ টি কন্ট্রোল রুম
- জেলা/ ব্লক/ পৌরসভাস্তরে হেল্পলাইনের সংখ্যা – ১৪০০ এর বেশি।